

বাংলাদেশ

ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথম রাষ্ট্রবিজ্ঞান সম্মেলন শুরু

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ২২ জুন ২০২৫, ২১: ৪৮



বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের মুজাফফর আহমদ চৌধুরী মিলনায়তনে দুই দিনব্যাপী রাষ্ট্রবিজ্ঞান সম্মেলনের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর নিয়াজ আহমেদ খান। ২২জুন, ২০২৫ ছবি: প্রথম আলো

ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো দুই দিনব্যাপী রাষ্ট্রবিজ্ঞান সম্মেলন শুরু হয়েছে। আজ রোববার বিকেলে বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের মুজাফফর আহমদ চৌধুরী মিলনায়তনে এ সম্মেলনের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমেদ খান। সম্মেলনের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে, ‘পরিবর্তনশীল গণতন্ত্রে রাষ্ট্র সংস্কার: আন্দোলন থেকে নির্বাচন ও নতুন রাষ্ট্রের পথচলা’।

উদ্বোধনী বক্তব্যে উপাচার্য নিয়াজ আহমেদ খান বলেন, সুষ্ঠু নির্বাচনের জন্য প্রতিষ্ঠানগুলোর সংস্কার জরুরি। তবে বর্তমানে সংস্কার ও নির্বাচনকে মুখোমুখি দাঁড় করিয়ে অযৌক্তিক বিতর্ক তৈরি করা হচ্ছে, যেটার প্রয়োজন নেই। সম্মেলনের মাধ্যমে এই বিতর্ককে প্রশমিত করার একটি বড় সুযোগের সৃষ্টি হয়েছে। সংস্কার ও নির্বাচন যে একই সঙ্গে হতে পারে, সেটা দেখানোই এই সম্মেলনের সবচেয়ে বড় অবদান হতে পারে।

অতিথি হিসেবে ভার্যুয়ালি যুক্ত হয়ে বক্তব্য দেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এ এস এম আমানুল্লাহ। উদ্বোধনী সেশনে আরও বক্তব্য দেন উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য দিল রওশন জিন্নাত আরা নাজনীন এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান নাসিমা খাতুন।

যুক্তরাষ্ট্রের ইলিনয় স্টেট ইউনিভার্সিটির রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক এবং বাংলাদেশ অন্তর্বর্তী সরকারের জাতীয় ঐকমত্য কমিশনের সহসভাপতি আলী রীয়াজের সম্মেলনে মূল প্রবন্ধ উপস্থাপন করার কথা রয়েছে।

সম্মেলনটি আয়োজন করেছে ছায়া সংস্কার কমিশন, ছায়া জাতীয় ঐকমত্য কমিশন এবং পলিটিক্যাল অ্যান্ড পলিসি সায়েন্স রিসার্চ ফাউন্ডেশন (পিপিএসআরএফ)। উদ্বোধনী সেশনে জানানো হয়, সম্মেলনে ৮টি পৃথক সেশনে ৭৮টি গবেষণা প্রস্তাবের মধ্য থেকে নির্বাচিত ৫৬টি গবেষণাপত্র উপস্থাপন করা হবে। এসব সেশনে রাষ্ট্রীয় প্রতিষ্ঠান সংস্কার, অর্থনৈতিক ন্যায্যতা, মানবাধিকার, স্থানীয় সরকার, গণমাধ্যমের স্বাধীনতা, তরুণদের অংশগ্রহণ ও ভূরাজনীতিসংক্রান্ত নানা বিষয়ে আলোচনা করা হবে।

সম্মেলনের অন্যতম অংশ হিসেবে থাকবে রাজনৈতিক সংলাপ, যেখানে ছায়া সংস্কার কমিশনের প্রস্তাব তুলে ধরা হবে এবং বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিরা অংশ নেবেন। এ ছাড়া গণমাধ্যম ও নাগরিক সমাজের প্রতিনিধি, গবেষক ও শিক্ষাবিদদের অংশগ্রহণে বিশেষ আলোচনাসভা অনুষ্ঠিত হবে।

আগামীকাল সোমবার সম্মেলনের সমাপনী দিনে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোহাম্মদ ইয়াহিয়া আখতার বক্তব্য দেবেন। এদিন সেরা গবেষণা ও উপস্থাপনার জন্য পুরস্কারপ্রাপ্ত ব্যক্তিদের নাম ঘোষণা করা হবে।

